যুগান্তর

APR. 05 2002

তারিখ ...... পৃষ্ঠা ... কলাম ...

# অগ্রণী গার্লস স্কুলের অভিভাবক সদস্য নির্বাচন ভণ্ডুল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সংসদ সদস্য নাসিরউদ্দিন আহমেদ পিন্টু ও তার সহযোগীরা গতকাল রাজধানীর অগ্রণী গার্লস স্কুলের অভিভাবক সদস্য নির্বাচন ভণ্ডুল ও ভোটারদের মারধর করেছে বলে অভিযোগ

## ভণ্ডুল : নির্বাচন

(শেষ পৃষ্ঠার পর)

পাওয়া গেছে। অবশ্য স্কুল কর্তৃপক্ষ ও নির্বাচন কমিশনারের দায়িত্বে নিয়োজিত ম্যাজিস্ট্রেট জানিয়েছেন, ভোট শুরুর সময় নিয়ে দ্বন্দ্বের কারণে এবং প্রার্থীদের লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে নির্বাচন স্থগিত করা হয়েছে। কোন গণ্ডগোল হয়নি। নাসিরউদ্দিন আহমেদ পিন্টু তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ অস্বীকার করে বলেছেন, প্রধান শিক্ষকের দায়িত্বে অবহেলার কারণেই এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। প্রার্থীদের আহ্বানে সাড়া দিতেই আমি স্কুলে গিয়েছিলাম।

গতকাল স্কুলের পরিচালনা কমিটির দুটি অভিভাবক সদস্য পদে নির্বাচন অনুষ্ঠানের কথা ছিল। তিন বছর মেয়াদের এ দুটি পদে নির্বাচিত হতে মোট ১১ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ঘোষিত তফসিলে ভোট গ্রহণের সময় উল্লেখ না থাকায় গত নির্বাচনের সময় অনুযায়ী ভোটাররা সকাল ৮টা থেকেই কেন্দ্রে আসতে শুরু করেন। কিন্তু নির্বাচন কমিশনার ইয়াসমিন কবির নাহিদা কেন্দ্রে আসেন সকাল পৌনে ১০টায়। স্কুলের প্রিন্সিপাল রোকেয়া মান্নান তাকে ১০টায় নির্বাচন শুরু হবে বলে